

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭৪/২০১৬

অভিযোগকারী : জনাব মোছাঃ নাজমা খাতুন (পুষ্পিতা)
পিতা:-মোঃ রহম আলী
ঠিকানা-দৈনিক সরেজমিন বার্তা
৭৫, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড
মালিবাগ, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ শাহ আলম চৌধুরী
পরিচালক (৫)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৮-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ২৫-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে তথ্য কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক এভিনিউ, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

আজিমপুর টাওয়ার (১৫ তলা ভবন) যার সি, এস দাগ নং-২৫, মৌজা শহর ঢাকা, সিট নং-৫(ক), ৩৭/৭ আজিমপুর রোড (কবরস্থান গেটের বিপরীত পার্শ্বে), লালবাগ, ঢাকা। অবৈধ ভবন নির্মানের প্রেক্ষাপটে রাজউক স্মারক নং: রাজউক/উপনিঃ-৫/অভিঃ-৪৯/১৫/১৩৪স্থঃ তারিখঃ ১০/০২/২০১৫ এবং স্মারক নং:রাজউক/উপনিঃ-৫/অভিঃ-৪৯/১৫/৪১৫স্থঃ তারিখঃ ০৮/০৬/২০১৫ তারিখ যোগে রাজউক অনুমোদিত নকসা দাখিলের জন্য নোটিস প্রদান করা হলে ভবনটির আমমোজার মাহবুবুল হক তা দেখাতে ব্যর্থ হন। নকসা প্রদর্শনের ব্যর্থতায় স্মারক নং:রাজউক/উপনিঃ-৫/অভিঃ-৪৯/১৫/৭৯৯স্থঃ তারিখঃ ৩০/০৯/২০১৫ যোগে মাহবুবুল হককে চূড়ান্ত নোটিস প্রদান করে।

চূড়ান্ত নোটিস প্রদান পরবর্তী সময় থেকে অদ্যাবধি রাজউক কি কি ব্যবস্থা গ্রহণ করেছে তার প্রমাণপত্র পেতে চাই।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১২-০১-২০১৬ তারিখে সচিব ও আপীল কর্তৃপক্ষ(আরটিআই), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৬-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৮-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পক্ষে জনাব এ কে এম শফিউল হান্নান, অথরাইজড অফিসার,জোন-৫, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর প্রার্থিত তথ্য যথাসময়ে সরবরাহ না করে বরং কালক্ষেপণ করছেন।

৫। প্রতিপক্ষ জনাব এ কে এম শফিউল হান্নান, অথরাইজড অফিসার, জোন-৫, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ বর্তমানে অবৈধ পার্কিং উচ্ছেদ অভিযানসহ বিবিধ দাণ্ডরিক কার্যাবলী সম্পাদনের কাজে ব্যস্ত থাকায় এবং মানবসম্পদের স্বল্পতার কারণে নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগকারীর চাহিত তথ্য প্রদান করতে পারেনি। তবে তিনি বিগত ২৯.০২.২০১৬ তারিখে সংশ্লিষ্ট বিষয়ের উপর প্রতিবেদন প্রস্তুত করে অভিযোগকারীকে সরবরাহ করা হয়েছে মর্মে কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্য বিগত ২৯.০২.২০১৬ তারিখের সংশ্লিষ্ট প্রতিবেদনের মাধ্যমে সরবরাহ করেছেন মর্মে প্রতীয়মান হয় বিধায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহ করেছেন মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হওয়ায় বিস্তারিত পর্যালোচনান্তে অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

[বে.স]

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার